

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৩২(আগরতলা ২০।১)

কৈলাসহর, ২০ জানুয়ারি, ২০২৪

কৈলাসহরে পথনাটক সপ্তাহ

কৈলাসহর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে গত ১৭-১৮ জানুয়ারি পথনাটক সপ্তাহ উদযাপন করা হয়। এ উপলক্ষে মহকুমার ভগবাননগর, গৌরনগর, চিরাকুটি, বাবুরবাজার, টিলাবাজার, পুরাতন মোটরস্ট্যান্ড, রাংরুং বাজার প্রভৃতি স্থানে নেশামুক্ত ত্রিপুরা গড়ার বিষয়ে পথনাটক অনুষ্ঠিত হয়। কৈলাসহরের নির্ঘোষ নিকন নাট্য সংস্থার শিল্পীগণ পথনাটকগুলি মঞ্চস্থ করেন।
